

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/১৫০/১(৫৪৫) তারিখ: ২০.০৪.২০২২ খ্রি.
বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির
উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর তথ্য HSP MIS এ এন্ট্রি সময়বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৮৭/১(৫৩৩); তারিখ: ০৬.০৩.২০২২ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর
শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ
শ্রেণির শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ এন্ট্রি এবং উপজেলায় প্রেরণের সময়সীমা ১০.০৪.২০২২ তারিখ
পর্যন্ত নির্ধারিত ছিলো। বিশেষ বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS-এ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি এবং উপজেলায় প্রেরণ
করার সময়সীমা আগামী ১৩.০৪.২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ তথ্য এন্ট্রি এবং প্রেরণ
অপশন ১৩.০৪.২০২২ তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা
প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ উপজেলায় প্রেরিত তথ্যাদি যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT-তে প্রেরণ
করার সময়সীমা ২১.০৪.২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

লক্ষ্য করা যাচ্ছে যে, বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান HSP-MIS এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করার পর উপজেলাতে প্রেরণ করছেন না।
শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির পর HSP-MIS এ “প্রাথমিক নির্বাচন” মেনু থেকে “উপজেলা তালিকা জমাদান” অপশন ব্যবহার করে
নির্দিষ্ট তারিখের মধ্যে উপজেলাতে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ
মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা
প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে
HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে
mis.hsp@pmeat.gov.bd ঠিকানায় ই-মেইলে আবেদন প্রেরণ করা হলে রিপ্লাই/ফিরতি ইমেইলে পাসওয়ার্ড প্রেরণ করা হবে।

৪। হেল্প লাইন নম্বর: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৩.৩০টা
পর্যন্ত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


২০.০৪.২০২২
(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি


উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/১৫০/১(৫৪৫) তারিখ: ২০.০৩.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

- ০৬। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(এন্ড্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১০। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP-MIS এ শিক্ষার্থীর তথ্য এন্ড্রির অপশন চালু করার অনুরোধসহ)।
- ১৬। সংরক্ষণ নথি।



(মোঃ জৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি